



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে জাতীয় শোক দিবস পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ আগস্ট ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১। দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে দিনব্যাপী নানা কর্মসূচি গ্রহণ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্ট শহীদদের রুহের মাগফিরাত কামনায় প্রত্যুষে পবিত্র কুরআন শরীফ খতমের মাধ্যমে দিবসের কার্যক্রম শুরু হয়। এরপর সকাল ১০টায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনশ্র শ্রদ্ধা নিবেদন করেন বিবি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এসময় বিবি শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, প্রক্টর, প্রভোস্ট, বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী, দপ্তর প্রধান, অফিসার্স এসোসিয়েশনসহ অন্যান্য সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপস্থিত সকলে দাড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করেন। উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বঙ্গবন্ধু হল, শেখ হাসিনা হল, বঙ্গমাতা শেখ ফজিলাতুল্লাহ মুজিব হল, শেরে বাংলা হল, ববিত্তে কর্মরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের সংগঠন উত্তরাধিকার এবং বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। সকাল ১০.৩০ টায় জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত বৃক্ষরোপন কর্মসূচিতে অংশ নেন উপাচার্য মহোদয়সহ অন্যান্যরা। এরপর বাঁধন বরিশাল বিশ্ববিদ্যালয় ইউনিটের উদ্যোগে কোভিড ১৯ আক্রান্তদের বিনামূল্যে অক্সিজেন সেবা প্রদান কার্যক্রমের উদ্বোধন করেন উপাচার্য মহোদয়। এছাড়াও জাতীয় শোক দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া এবং মন্দিরে বিশেষ প্রার্থনা সভাও অনুষ্ঠিত হয়। বিকাল ৪ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষে এক ওয়েবিনারের আয়োজন করা হয়। উক্ত ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে যুক্ত থাকবেন বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পীকার ড. শিরীন শারমিন চৌধুরী। জুম প্লাটফর্মে অনুষ্ঠিতব্য ওয়েবিনারটি বিশ্ববিদ্যালয়ের ফেসবুক পেজ (<https://www.facebook.com/buniv>) থেকে সরাসরি সম্প্রচারিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস